

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর
তেজগাঁও, ঢাকা-১২০৮।
www.dpp.gov.bd

দরপত্র বিজ্ঞপ্তি

১.	মন্ত্রণালয়/বিভাগ	জনপ্রশাসন মন্ত্রণালয়।
২.	এজেন্সি/অধিদপ্তরের নাম	মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
৩.	সংগ্রাহক স্বত্বাধিকারীর দপ্তর	মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
৪.	অর্থায়নের উৎস	রাজস্ব (গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার)।
৫.	আহ্বানকৃত দরপত্রের স্মারক ও তারিখ	নং-০৫.০৪.০০০০.০১১.০৭.৪০১.১৯-২০/১৮৯৭, তারিখ-০৫/০৮/২০১৯।
৬.	কাজের নাম	ক্রিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্ট নিয়োগ।
৭.	প্যাকেজ/পণ্য বর্ণনা	বিদেশ হতে আমদানীকৃত পণ্য খালাসপূর্বক অফিস/প্রেসের গুদামে পৌছানোর সেবা ক্রয়।
৮.	সংগ্রাহক স্বত্বাধিকারীর জেলা	ঢাকা।
৯.	ক্রয় প্রক্রিয়া	উন্মুক্ত দরপত্র আহ্বানের মাধ্যমে (পিপিএ-২০০৬ এবং পিপিআর-২০০৮ মোতাবেক)।
১০.	কাজ শেষ করার মেয়াদ	দরপত্র দলিলের শর্তানুযায়ী।
১১.	দরদাতাদের যোগ্যতা	দরপত্র দলিলের শর্ত পূরণকারী উপযুক্ত লাইসেন্সধারী সকল প্রতিষ্ঠান/ঠিকাদার (এই অধিদপ্তরের কালো তালিকাভুক্ত প্রতিষ্ঠান/ঠিকাদার ব্যতীত)।
১২.	দরপত্র দলিলের মূল্য (অফেরতযোগ্য) (তফসিল/দলিল সরাসরি নগদ মূল্যে অথবা ওয়েবসাইট হতে ডাউনলোডের মাধ্যমে সংগ্রহণ করা যাবে)	দরপত্র দলিল অনুযায়ী-২,০০০/- (দুই হাজার মাত্র) টাকা। দরপত্র তফসিল/দলিল মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরের ওয়েবসাইট- www.dpp.gov.bd এবং বাংলাদেশ স্টেশনারী অফিসের ওয়েবসাইট- www.dpp.gov.bd/bso হতে ডাউনলোডের মাধ্যমে সংগ্রহ করা হলে উহার মূল্য মহাপরিচালক, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকার অনুকূলে যে কোন তফসিলী ব্যাংক কর্তৃক ইস্যুকৃত ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার আকারে দরপ্রস্তাবের সাথে দাখিল করতে হবে।
১৩.	দরপত্র জামানত/বায়নার টাকা (ফেরতযোগ্য)	দরপত্রের সহিত দরপত্র জামানত হিসাবে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা (ফেরতযোগ্য) তফসিলী ব্যাংক কর্তৃক ইস্যুকৃত ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আকারে মহাপরিচালক, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকার অনুকূলে দাখিল করতে হবে।
১৪.	দরপত্র তফসিল/দলিল বিক্রয়, দরপ্রস্তাব গ্রহণকারী প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা	(ক) মহাপরিচালক-এর কার্যালয়, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা-১২০৮। (খ) উপপরিচালক, বাংলাদেশ স্টেশনারী অফিস, তেজগাঁও, ঢাকা-১২০৮, (গ) উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা-১২০৮, (ঘ) উপপরিচালক, গভর্নমেন্ট প্রিন্টিং প্রেস, তেজগাঁও, ঢাকা-১২০৮, (ঙ) উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা-১২০৮, (চ) উপপরিচালক, বাংলাদেশ নিরাপত্তা মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা-১২০৮।
১৫.	দরপত্র তফসিল/দলিল বিক্রয়ের শেষ তারিখ ও সময়	বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ থেকে ২২/০৮/২০১৯ তারিখ পর্যন্ত (অফিস চলাকালীন সময়ে)।
১৬.	দরপত্র দাখিলের শেষ তারিখ ও সময়	২৫/০৮/২০১৯ বেলা ১.০০ ঘটিকা পর্যন্ত।
১৭.	দরপত্র খোলার তারিখ ও সময়	২৫/০৮/২০১৯ বেলা ৩.০০ ঘটিকায় পরিচালক, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা-এর অফিস কক্ষে।
১৮.	বিশেষ শর্তাবলী	(ক) দরপত্র গ্রহণ ও খোলার তারিখ অনিবার্য কারণবশত সার্বিক যোগাযোগ ও যাতায়াত ব্যবস্থা বিঘ্নিত হলে পরবর্তী কার্যদিবসে দরপত্র গ্রহণ ও খোলা হবে। এক্ষেত্রে দরপত্র দলিলের অন্যান্য শর্তাবলী অপরিবর্তিত থাকবে। (খ) সংগ্রাহক সত্তা কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ ও বাতিল অথবা সকল দরপত্র বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।
১৯.	বিস্তারিত তথ্যের জন্য যোগাযোগ	সহকারী পরিচালক (প্রশাঃ-২), মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা। ফোনঃ ৮৮৯১২৪১।
বি.দ্র.-বিস্তারিত বর্ণনা ও অন্যান্য নিয়মাবলী দরপত্র তফসিল/দলিল মোতাবেক। ওয়েবসাইট- www.dpp.gov.bd এবং www.dpp.gov.bd/bso		

মোহাম্মদ আব্দুল মান্নান
সহকারী পরিচালক (প্রশাঃ-২)
মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর
তেজগাঁও, ঢাকা।
ফোন নং ৮৮৯১২৪১

নং-০৫.০৪.০০০০.০১১.০৭.৪০১.১৯-২০/১৮৯৭,

২১/০৪/১৪২৬ বঙ্গাব্দ
তারিখঃ-----।
০৫/০৮/২০১৯ খ্রিষ্টাব্দ

দরপত্র তফসিল/দলিল

দরপত্র দলিল বিক্রয়ের তারিখ	:	২২/০৮/২০১৯ পর্যন্ত (অফিস চলাকালীন সময়ে)।
দরপত্র দাখিলের সময়	:	২৫/০৮/২০১৯ তারিখ বেলা ১.০০ ঘটিকা।
দরপত্র খোলার সময়	:	২৫/০৮/২০১৯ তারিখ বেলা ৩.০০ ঘটিকা।
দরপত্রের বৈধতার মেয়াদ	:	১২০ দিন।

মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরবাহীন বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, গভঃ প্রিন্টিং প্রেস, বাংলাদেশ নিরাপত্তা মুদ্রণালয় ও বাংলাদেশ স্টেশনারী অফিসের অনুকূলে আমদানীতব্য মালামাল আইসিডি, কমলাপুর, ঢাকা এবং শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা হইতে খালাস করিয়া সংশ্লিষ্ট অফিস/প্রেসে পৌঁছানোর নিমিত্তে ২০১৯-২০২০ থেকে ২০২১-২০২২ পর্যন্ত ৩(তিন) বৎসরের জন্য ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্ট নিয়োগের লক্ষ্যে সীলমোহরকৃত দরপত্র দাখিলের শর্তাবলী নিম্নরূপ :-

“ দরপত্রের শর্তাবলী ”

- ০১। এতদসঙ্গে সংযুক্ত কাজের সিডিউল (ছক) অনুযায়ী (সংযুক্ত ছকের ০৩নং কলামে) উদ্ধৃত দর অংকে এবং কথায় স্পষ্টভাবে লিখিতে হইবে। দরপত্র দাতাদিগকে সীলমোহরকৃত উক্ত খামে দরপত্র দাখিল করিতে হইবে। দরপত্রে কোন প্রকার ঘষামাজা/উপর্যোপরি লেখা গ্রহণযোগ্য হইবে না।
- ০২। দর কেবলমাত্র একটি ফ্লাট রেটে দাখিল করিতে হইবে। আমদানীকৃত পণ্যের লোডিং, আনলোডিং এবং পরিবহণ ব্যয় ফ্লাট রেটের আওতাভুক্ত থাকিবে। এর জন্য পৃথক বিল দাবী করা যাইবে না।
- ০৩। মালামাল খালাস করিয়া সংশ্লিষ্ট অফিস/প্রেসের গুদামে বুঝাইয়া না দেওয়া পর্যন্ত যাবতীয় খরচাদি নিয়োগকৃত ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টকে বহন করিতে হইবে।
- ০৪। দরপত্রের সহিত বায়না হিসাবে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা ব্যাংক ড্রাফট/পে-অর্ডার-এর মাধ্যমে মহাপরিচালক, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা'র অনুকূলে দাখিল করিতে হইবে। অন্যথায় দরপত্র গ্রহণযোগ্য হইবে না।
- ০৫। শর্তারোপিত (শর্তযুক্ত) কোন দরপত্র বিবেচনা করা হইবে না।
- ০৬। ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টকে রাষ্ট্রায়ত্ত্ব বাণিজ্যিক ব্যাংক হইতে তাহাদের আর্থিক স্বচ্ছলতার সনদপত্র, ২০১৯-২০২০ আর্থিক বৎসরের আয়কর রিটার্ন জমাদানের সার্টিফিকেটের সত্যায়িত কপি, ভ্যাট রেজিস্ট্রেশন সার্টিফিকেট, জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত অনুলিপি ও হাল নাগাদ নবায়নকৃত ট্রেড লাইসেন্সের সত্যায়িত কপি, সাম্প্রতিক তোলা পাসপোর্ট সাইজের ২(দুই) কপি সত্যায়িত ছবি এবং আই,সি,ডি কমলাপুর, ঢাকায় কাজ করার জন্য ২০১৯-২০২০ অর্থ বৎসরের নবায়নকৃত সি এন্ড এফ এজেন্ট লাইসেন্সের সত্যায়িত কপি দরপত্রের সহিত দাখিল করিতে হইবে। এছাড়া দরপ্রস্তাবের সহিত তাহাদের অফিস ঠিকানা (চট্টগ্রাম ও ঢাকায়) টেলিফোন নম্বর, ফ্যাক্স নম্বর (যদি থাকে) ইত্যাদির বিবরণ প্রতিষ্ঠানের নিজস্ব প্যাডে উল্লেখপূর্বক দাখিল করিতে হইবে।
- ০৭। দরপত্র দাখিলকারীগণকে সিএন্ডএফ এজেন্ট হিসাবে তাহাদের ৪/৫ বৎসরের অভিজ্ঞতার প্রত্যায়ণ পত্র কাষ্টমস্ হইতে সংগ্রহ করিয়া তৎসঙ্গে কাষ্টমস্ অনুমোদিত লাইসেন্সের সত্যায়িত কপি দরপত্রের সঙ্গে প্রমাণস্বরূপ দাখিল করিতে হইবে।

(অঃ পৃঃ...../০২)

০৮। দরপত্র দাখিলকারীগণকে রাষ্ট্রীয় গোপনীয় সংক্রান্ত পণ্য খালাসের সুপক্ষে অভিজ্ঞতার প্রত্যায়ণ পত্র কাষ্টমস্ হইতে প্রত্যায়িত পত্রের সত্যায়িত কপি দরপত্রের সঙ্গে প্রমাণস্বরূপ দাখিল করিতে হইবে।

০৯। দরপত্র দাতাগণ ২০১৫-২০১৬ অর্থ বৎসর হইতে এই পর্যন্ত কি পরিমাণ মূল্যের মালামাল আই,সি,ডি কমলাপুর, ঢাকা এবং শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা হইতে খালাস করিয়াছেন, তাহার বিবরণী কাষ্টমস্ কর্তৃক প্রত্যায়ন পূর্বক প্রমাণস্বরূপ দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।

১০। ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টগণ তাহাদের মালিকানা অথবা অংশীদার/যৌথ মালিকানার ব্যবসায়ী হইলে, প্রমাণস্বরূপ প্রয়োজনীয় দলিল ও রেজিস্ট্রেশন নম্বর কাষ্টমস্ কর্তৃক প্রত্যায়ন পূর্বক দরপত্রের সঙ্গে দাখিল করিতে হইবে।

১১। গ্রহণযোগ্য দরদাতা প্রতিষ্ঠানকে নোটিফিকেশন অব এওয়ার্ড (NOA) দেওয়ার ৭(সাত) দিনের মধ্যে সর্বমোট- ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকার ব্যাংক গ্যারান্টি সংশ্লিষ্ট রাষ্ট্রীয় বাণিজ্যিক ব্যাংক হইতে প্রদান করিতে হইবে। (আর্থিক স্বচ্ছলতার প্রত্যায়ন পত্র এবং ব্যাংক গ্যারান্টি একই ব্যাংক হইতে দাখিল করিতে হইবে) এই ব্যাপারে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্পের উপর চুক্তিপত্র সম্পাদন করিতে হইবে। অন্যথায় তাহাদের NOA বাতিলপূর্বক দরপত্র জামানত বাজেয়াপ্তসহ তাহাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হইবে।

১২। আমদানীতব্য মালামাল খালাস সংক্রান্ত ব্যাপারে উহার উপর আরোপিত গুল্ককর, ভ্যাট ইত্যাদি নিয়মানুযায়ী ক্রেডিট নোটের মাধ্যমে পণ্য গ্রহিতা কর্তৃক পরিশোধ করা হইবে। এই ব্যাপারে নিয়োগকৃত ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্ট যথাসময়ে সংশ্লিষ্ট অফিস/প্রেসের মাধ্যমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবেন। উপরোক্ত পণ্য খালাসের জন্য নিয়োগকৃত সি এন্ড এফ এজেন্ট নিয়মানুযায়ী আই,সি,ডি কমলাপুর, ঢাকা এবং শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা-এর যাবতীয় খরচাদি (যথা শ্রমিক গ্যাং, বুকিং ও অন্যান্য যৌক্তিক ব্যয়) নির্বাহ করিবেন। পরবর্তীতে সকল খরচের বিল ভাউচার সংশ্লিষ্ট অফিস/প্রেসের উপ-পরিচালকের নিকট দাখিল করিবেন। উপ-পরিচালকগণ যথাযথ কর্তৃপক্ষের নিকট হইতে তথ্য সংগ্রহপূর্বক দাখিলকৃত বিল-ভাউচার যাচাই বাছাই করিয়া বিল পরিশোধের জন্য মহাপরিচালকের নিকট উপস্থাপন করিবেন এবং মহাপরিচালকের অনুমোদনের পর বিল পরিশোধের ব্যবস্থা গ্রহণ করা হইবে।

১৩। সংশ্লিষ্ট অফিস/প্রেস কর্তৃক নিয়োজিত কর্মকর্তার তদারকীতে আমদানীতব্য পণ্য/মালামাল খালাস করিয়া সংশ্লিষ্ট অফিস/প্রেসের গুদামে পৌঁছানোর পর যাবতীয় খরচসহ সি এন্ড এফ এজেন্টের কমিশন বিল, প্রয়োজনীয় কাগজপত্রসহ সংশ্লিষ্ট অফিস/প্রেসের বরাবরে দাখিল করিতে হইবে।

১৪। মনোনীত ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্ট পণ্য খালাসের জন্য তাহাদের সহিত সম্পাদিত চুক্তির শর্ত ভঙ্গ করিলে সিকিউরিটি মানি বাজেয়াপ্তসহ নিয়োগাদেশ বাতিলপূর্বক তাহাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১৫। আই,সি,ডি কমলাপুর, ঢাকা এবং শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা হইতে পণ্য/মালামাল খালাস করিয়া সংশ্লিষ্ট অফিস/প্রেসের গুদামে সুষ্ঠুভাবে বুঝাইয়া দেওয়ার পূর্ব পর্যন্ত পণ্যের কোন প্রকার ক্ষয়ক্ষতি/ হারানো/ চুরি কিংবা বিনষ্ট হইলে সি এন্ড এফ এজেন্ট সম্পূর্ণভাবে দায়ী থাকিবেন এবং সরকার কর্তৃক নির্ধারিত ক্ষতিপূরণ দানে বাধ্য থাকিবেন।


১৬। ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্ট আই,সি,ডি কমলাপুর, ঢাকা এবং শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা হইতে পণ্য/মালামাল খালাস করিয়া সংশ্লিষ্ট অফিস/প্রেসের গুদামে সুষ্ঠুভাবে বুঝাইয়া দিয়া উহার প্রাপ্তি স্বীকারপত্র তাহাদের কমিশন বিলের সহিত দাখিল করিবেন।

১৭। আমদানীতব্য পণ্য/ মালামাল পরিদর্শনের প্রয়োজনে সি এন্ড এফ এজেন্ট এবং অধিদপ্তরের সংশ্লিষ্ট অফিস/প্রেসের মনোনীত প্রতিনিধির উপস্থিতিতে পরিদর্শন করিতে হইবে। এই বিষয়ে কোন অসুবিধার সৃষ্টি হইলে তাৎক্ষণিকভাবে সংশ্লিষ্ট অফিস/প্রেসের উপপরিচালক এবং মহাপরিচালক, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা'কে অবহিত করিতে হইবে।

১৮। সি এন্ড এফ এজেন্ট নিয়োগের সিদ্ধান্ত গ্রহণের পর অকৃতকার্য দরপত্র দাতাগণকে আর্নেস্টমানি ফেরৎ দেওয়া হইবে এবং সফলকাম দরদাতাকে দাখিলকৃত আর্নেস্টমানি নিয়োগের সিদ্ধান্ত গ্রহণের ৩(তিন) মাস পর ফেরৎ দেওয়া হইবে।

(অঃ পৃঃ...../৩)

- ১৯। আমদানীকৃত পণ্য/মালামাল আই,সি,ডি কমলাপুর, ঢাকা এবং শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা পৌঁছানোর পূর্বে অথবা পরে অধিদপ্তরের সংশ্লিষ্ট অফিস/প্রেসের উপ-পরিচালক (পণ্য গ্রহিতা)-এর নিকট হইতে মূল জাহাজীকরণ দলিলাদি এবং প্রয়োজনীয় অন্যান্য কাগজপত্র সংগ্রহ করিয়া জরিমানা/ডেমারেজ মুক্ত হ্রি সময়ের মধ্যে পণ্য খালাস করিতে হইবে। অন্যথায় বিলম্বের জন্য ডেমারেজ চার্জসহ উদ্ভূত যে কোন জটিলতার জন্য সি এন্ড এফ এজেন্ট দায়ী থাকিবেন।
- ২০। দরপত্র ও বিল সংক্রান্ত ব্যাপারে কোন মত বিরোধ দেখা দিলে এই ব্যাপারে মহাপরিচালক মহোদয়ের সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।
- ২১। মনোনীত ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টকে অত্র অধিদপ্তরের বিধি-বিধান (টার্মস এন্ড কন্ডিশন) অনুযায়ী সফল ও সন্তোষজনকভাবে নির্ধারিত কার্যকাল শেষ হওয়ার ৩(তিন) মাসের মধ্যে তাহাদের সিকিউরিটি মানি ফেরৎ দেওয়া হইবে।
- ২২। প্রয়োজনীয় দলিলাদির অভাবে জাহাজযোগে আনীত মালামাল খালাস করিতে কোন অসুবিধার সন্মুখীন হইলে প্রচলিত নিয়মানুযায়ী এজেন্টকে কর্তৃপক্ষ হইতে প্রয়োজনীয় অঙ্গীকার গ্রহণ করিয়া মালামাল খালাস করিতে হইবে। অন্যথায় ক্ষয়ক্ষতির জন্য এজেন্ট দায়ী হইবে।
- ২৩। পিপিআর, ২০০৮-এর বিধি-৪, উপ-বিধি(২)-এর (ট) অনুচ্ছেদের বর্ণনা মোতাবেক দরপত্র দাতা আইনের ধারা ৬৪-এর বর্ণনা অনুযায়ী কোন দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কার্যক্রমে সম্পৃক্ত নহে মর্মে অঙ্গীকারনামা দরপ্রস্তাবের সাথে আবশ্যিকভাবে প্রদান করতে হবে;
- ২৪। পণ্য/মালামাল আই,সি,ডি, কমলাপুর, ঢাকা এবং শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকায় পৌঁছানোর পর নির্ধারিত সময়ের মধ্যে বা তাহার পূর্বে কম সময়ের মধ্যে দ্রুততার সহিত খালাস করিবার ব্যবস্থা গ্রহণ করিতে হইবে এবং যথাসময়ে শুল্ক কর্তৃপক্ষ ও অন্যান্য সংশ্লিষ্ট অফিস/প্রেসে মালামালের পূর্ণ বিবরণ ও তথ্য যথাযথভাবে প্রদান করিতে হইবে। এই সমস্ত কাজের গাফিলতি বা ত্রুটির কারণে সকল প্রকার ক্ষয়ক্ষতির দায়-দায়িত্ব সি এন্ড এফ এজেন্টকেই বহন করিতে হইবে।
- ২৫। আই,সি,ডি কমলাপুর এবং শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা কর্তৃপক্ষ বা অন্যান্য প্রশাসনিক কর্তৃপক্ষের প্রয়োজনীয় পাওনা পরিশোধের জন্য প্রাথমিকভাবে এজেন্টকেই উহা বহন করিতে প্রস্তুত থাকিতে হইবে।
- ২৬। দরপত্র তফসিল/দলিলের শর্ত বহির্ভূত এবং কোন শর্তযুক্ত দর গ্রহণযোগ্য বলিয়া বিবেচনা করা হইবে না।
- ২৭। সরকারী কাজের স্বার্থে প্রয়োজনবোধে উভয় পক্ষের সম্মতিক্রমে নিয়োগের মেয়াদকাল বর্ধিত করা যাইবে এবং
- ২৮। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ কিংবা বাতিল করার পূর্ণ ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।


মোহাম্মদ আব্দুল মান্নান
সহকারী পরিচালক (প্রশাঃ-২)
মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর
তেজগাঁও, ঢাকা।
ফোন নং ৮৮৯১২৪১

“ ছক ”

ক্রমিক নং	কার্যক্রমের বিবরণ	শুদ্ধায়নযোগ্য মূল্য (assessable value) ও এর উপর ফুট রেটে দর (শতকরা হিসাবে)
১	২	৩
(১)	আইসিডি কমলাপুর, ঢাকা হইতে তেজগাঁওস্থ অত্র অধিদপ্তরীয় অফিস/প্রেসের গুদাম পর্যন্ত পরিবহনের জন্য ট্রাক ভাড়া (সিকিউরিটি পেপার/সিকিউরিটি প্লেইন পেপার/মেশিন/ খুচরা যন্ত্রাংশ ইত্যাদি) লোডিং এবং আনলোডিংসহ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টের মালামাল খালাসের কমিশন । (সিকিউরিটি পেপার/সিকিউরিটি প্লেইন পেপারের ক্ষেত্রে ট্রাকের বডি লেবেল পর্যন্ত পরিবহন করিতে হইবে)	